

কলকাতা	বাংলা	ভারত	বিদেশ	সম্পাদকীয়	উত্তর সম্পাদকীয়	খেলা	আজকাল-ত্রিপুরা	প্রথম পাতা
পুরনো সংস্করণ		শ্রেণীবদ্ধ বিজ্ঞাপন						

গা ফিরবে কীভাবে। ॥ বর্ষার দাঁপট আজও ॥ হেরেও কান্দি অঁকড়ে আছেন রায়দিঘিকেই ॥ কনিমোঝির জামিন নাকচ সুপ্রিম কোর্টে

### বিশেষ খবর

গরিব মেধাবীদের পাশে আছে 'মুক্তি'

আজকালের প্রতিবেদন: সম্ভাবনাময় গরিব মেধাবী ছাত্রছাত্রীদের ভবিষ্যৎ বন্ধকে বাস্তব রূপ দিতে উল্লেখযোগ্য পদক্ষেপ নিয়েছে 'মুক্তি' সংস্থা। ২০০৩ সাল থেকে এই কাজ করে আসছে সংস্থা। প্রচারের আড়ালে থেকে বহু দরিদ্র অথচ মেধাবী ছাত্রছাত্রীর ভবিষ্যৎ পড়াশোনা এগিয়ে নিয়ে যেতে ও জীবনে সুপ্রতিষ্ঠিত করতে উল্লেখ্য ভূমিকা এই সংস্থার। ট্যালেন্টেড স্টুডেন্টস স্পনসরশিপ' (টি এস এস) প্রকল্পের মাধ্যমে ছাত্রছাত্রীদের কাছে পৌঁছে যাচ্ছে সাহায্য। অনেক সহৃদয় ব্যক্তি এবং সংস্থা আছে যাঁরা গরিব ও মেধাবী ছাত্রছাত্রীদের সাহায্য করতে চান। কিন্তু এই ধরনের ছাত্রছাত্রীদের সঙ্গে যোগাযোগ স্থাপনের ক্ষেত্রে নানা অসুবিধা থাকে। 'মুক্তি' এই টি এস এস প্রকল্পটির মাধ্যমে অভাবী ছাত্রছাত্রীদের সঙ্গে সাহায্যকারীদের যোগাযোগ তৈরি করে দেয়। যার ফলে সঠিক স্থানে সঠিক সময়ে সম্ভাবনাময় ছাত্রছাত্রীরা দরকারি সাহায্য পেয়ে থাকে। সুন্দরবন অঞ্চলের প্রত্যন্ত গ্রামের খেতমজুর ঘরের ছেলে প্রতাপদিত্য পুরকায়স্থ এই সাহায্য পেয়েই ইলেকট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন নিয়ে পড়ে আজ বহুজাতিক সংস্থার কর্মরত। প্রতাপদিত্যকে যিনি সাহায্য করেছিলেন তাঁর নাম রণীতেশনাথ ঠাকুর। পরে তিনি 'মুক্তি'র সদস্য হন। যাদবপুর বিশ্ববিদ্যালয় থেকে কম্পিউটার সারেলে এম টেক করে বড় সংস্থায় কাজ করছেন দীপঙ্কর গুইন। দীপঙ্করও মুক্তির সাহায্যে আজ সুপ্রতিষ্ঠিত। এভাবেই চারশোরও বেশি ছাত্রছাত্রী ২০০৩ সাল থেকে উপকৃত হয়েছে 'মুক্তি'-র মাধ্যমে। এ বছরও 'মুক্তি' অভাবী মেধাবী ছাত্রছাত্রীদের সাহায্যে এগিয়ে আসতে ইচ্ছুক। বর্তমানে যারা উচ্চমাধ্যমিক বা ডিগ্রেন্ট এন্ট্রাল ৭৫ শতাংশ নম্বর পেয়ে পড়াশোনা করছে অথচ আর্থিক সচ্ছতি নেই তারা যোগাযোগ করতে পারে [tss@muktiweb.org](mailto:tss@muktiweb.org) এই ওয়েবসাইটে অথবা ফোন করতে পারেন সমীক্ষ মজুমদারকে এই নম্বরে ৯৮৩৬৬৮৭৭৩৩। আর যাঁরা দরিদ্র ও মেধাবী ছাত্রছাত্রীদের সাহায্য করতে চান তাঁরা যোগাযোগ করুন ৯৮৩০১৮০৮০৪ (সত্যজিৎ রায়) নম্বরে।